

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে কল্লবাজার অঞ্চল ও ইউরেক এর সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : আরটিএল-ইনচার্জ (সিএক্সএমটিসি, কল্লবাজার), প্রকল্প ম্যানেজার (উখিয়া) দেরকে বিশেষ ক্ষমতা প্রদান এবং সংস্থার অভিযোগ নীতিমালা ব্যবহার না করলে তা অসদাচরণ বলে গণ্য হওয়া প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবর উপস্থাপন করা হলো:

১. আরটিএল-ইনচার্জ (সিএক্সএমটিসি, কল্লবাজার) এবং ইউরেকের কোন প্রকল্প ম্যানেজার এর কাছে যদি প্রতীয়মান হয় যে, কোন কর্মী বা কর্মীবৃন্দ অফিস শৃংখলা ভঙ্গ করেছেন বা শৃংখলা ভঙ্গের সাথে জড়িত আছেন তাহলে তিনি সে কর্মীকে বা কর্মীবৃন্দকে সাময়িক চাকুরিচ্যুত করতে পারবেন এমন কি তিনি/তারা চাইলে তার বা তাদের বিরুদ্ধে পুলিশে মামলা করতে পারবেন। এর জন্য তাদের কেন্দ্রীয় ব্যবস্থাপনার কোন পূর্বানুমতির দরকার হবে না।
২. আরটিএল-ইনচার্জ (সিএক্সএমটিসি, কল্লবাজার) এবং ইউরেকের কোন প্রকল্প ম্যানেজার এর কাছে যদি প্রতীয়মান হয় যে কোন কর্মী বা কর্মীবৃন্দ দৈনন্দিন কাজে গাফিলতি করছেন তাহলে আরটিএল বা প্রকল্প ম্যানেজার ঐদিনের এবং সাথে আরো তিন দিনের বেতন কর্তন করতে পারবেন। এরজন্য তাদের কেন্দ্রীয় ব্যবস্থাপনার কোন পূর্বানুমতির দরকার হবে না।
৩. সংস্থায় সুপ্রতিষ্ঠিত অভিযোগ নীতিমালা ব্যবহার না করে যদি কোন কর্মী সংস্থার বাইরের কাউকে সংস্থা সম্পর্কে অভিযোগ করেন বা সংস্থার বাইরের কারো দ্বারা প্রভাব বিস্তার করার চেষ্টা করেন তাহলে তা অসদাচরণের আওতায় পড়বে।
৪. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এ বিষয়ে কারো কোন অস্পষ্টতা এবং দ্বিমত থাকলে আগামী ১৫ অক্টোবর, ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো।
৫. এ সার্কুলারটি নিয়ে পর পর দুটি সাপ্তাহিক প্রকল্প সভায় এবং সিএক্সএমটিসির সভায় বিস্তারিত আলোচনা করতে হবে।
৬. এ সার্কুলারের বিভিন্ন অংশ পরবর্তীতে কোস্ট মানব সম্পদ নীতিমালার অংশ হিসেবে যুক্ত হবে।

সকলের সার্বিক সহযোগিতা কামনায়।

ধন্যবাদসহ


সনত কুমার ভৌমিক 29.09.2018

অনুলিপিঃ নির্বাহী পরিচালক

উপ পরিচালক এবং সহকারী পরিচালকগণ

অফিস ফাইল।